



শ্রেণি: ৬ষ্ঠ

বিষয়: বাংলা ১ম

আজকের পাঠ -বিংশে ফুল

লেকচার -২

**জ্ঞানমূলক প্রশ্ন:**

১. মশগুল শব্দের অর্থ কী?
২. কে অলকায় যেতে চায় না?
৩. ‘হিয়া’ অর্থ কী?
৪. বিংশে ফুল কোন দেশের ফিরোজিয়া ফিংশে কুল?
৫. জাফরানি কী?
৬. গুল্মে কর্ণে কী ফোটে?
৭. বিংশে ফুল কখন ফোটে?
৮. পাতার দেশের পাথি কিসে বাঁধা?
৯. অলকা বলতে কী বুঝায়?
১০. বিংশে ফুল কে ডেকে যায়?
১১. শ্যামলী মায়ের কোলে কে ঘুমায়?
১২. কবি কাজী নজরুল ইসলামকে বিদ্রোহী কবি বলা হয় কেন?
১৩. আমাদের রণ সংগীত কোনটি?
১৪. কবি কাজী নজরুল ইসলামের কয়েকটি উল্লেখযোগ্য রচনার নাম লিখ।

**অনুধাবন প্রশ্ন:**

১. প্রজাপতি বিংশে ফুলকে ডেকে যাওয়ার কারণ ব্যাখ্যা কর।
২. বিংশে ফুল মাটি মায়ের কাছেই থাকতে চায় কেন?
৩. চাহি না ও অলকায়- ব্যাখ্যা কর।
৪. বিংশে ফুলের কাছে প্রজাপতি ও আসমানের তারার আহ্বান কীরূপ?
৫. শ্যামলী মায়ের কোলে সোনামুখ খুকুরে- চরণটি ব্যাখ্যা কর।

**সৃজনশীল প্রশ্ন:**

১) তমাল গ্রাম থেকে এইচ এস সি পাশ করেছে। শহরে এসে সে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে চায় কিন্তু গ্রামের চমৎকার নিরিবিলি পরিবেশ ছেড়ে শহরের কোলাহলপূর্ণ পরিবেশে সে মন টিকাতে পারে না। অবশেষে সে গ্রামে ফিরে যায় সেখানের কলেজেই ভর্তি হয়। আর সবাইকে জানায় শহর অনেক রঙিন আর আধুনিক হলেও সে যেতে চায় না শহরে।

ক) অলকা কী?

খ) ‘ভালো এই পথ ভুল!’ বলতে কী বোঝানো হয়েছ?

গ) তমাল এর শহরে পড়ায় ইচ্ছার সাথে বিংশে ফুল কবিতার কী মিল আছে? ব্যাখ্যা কর।

ঘ) তমালের গাঁমে ফিরে আসা ও গাঁমে থাকার ইচ্ছা ও বিংশে ফুলের ইচ্ছা একই সূত্রে গাঁথা- এই উক্তির যথার্থতা নিরূপণ কর।

৩) মায়ের আদুরে দুলালি মালা। বয়স দু বছর, মায়ের কোল আলো করে রেখেছে সে। মায়ের কোলে সে বসে আছে, তার মামি তাকে ডাকে, ‘চলে এস আমার কাছে।’ সে রাজি হয় না। তার বাবা বলেন, ‘বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে।

ক) বিংশে ফুলকে কে ডেকে যায়?

খ) ‘ভালোবাসি মাটি-মায়’- একথা দ্বারা কী বোঝানো হয়েছে?

গ) উদ্দীপকের মালার মাতৃকোল ছেড়ে না যাওয়ার বিষয়টি কীভাবে ‘বিংশে ফুল’ কবিতার সাথে সম্পর্কযুক্ত? ব্যাখ্যা কর

ঘ) উদ্দীপকের মালার মায়ের কোলে শিশ এবং পল্লি-প্রকৃতিতে ‘বিংশে ফুলের সৌন্দর্য অভিন্ন’-উক্তিটির তাৎপর্য অভিন্ন’